

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮০.১৭-৩৩৬

তারিখঃ ০২/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ Taxpayer Online Service (TPOS) হতে MCF (Multichannel Foundation) এ Migration

এর জন্য দাখিলকৃত আর্থিক প্রস্তাব সম্পর্কে পিপিআর এর প্রযোজ্যতা।

সূত্রঃ ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৯৮)/২০১৬/৯১৭; তারিখঃ ০৪/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অজানা কোন কারণে অথবা পূর্ব থেকে অনুমান করা যায় না এমন কোন কারণে মূল চুক্তির ব্যাপ্তি পরিবর্তিত হলে এবং চুক্তি মূল্য বৃদ্ধি পেলে তা Variation হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে ১৫% পর্যন্ত Variation মূল অনুমোদনকারী কর্তৃপক্ষ এবং সর্বোচ্চ ৫০% পর্যন্ত Variation DoFP মোতাবেক পরবর্তী উচ্চতর কর্তৃপক্ষ অনুমোদন করতে পারেন এবং উক্ত রূপ variation যথাযথ অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে variation সম্পাদনের নিমিত্ত একটি সম্পূরক চুক্তি সম্পাদন করতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে পিপিআর-২০০৮ এর বিধান নিম্নরূপঃ


বিধি ১০৪(৮) অনুযায়ী “পরামর্শক সেবা চুক্তি সংক্রান্ত ভেরিয়েশন অর্ডার তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা অতিক্রম করিবে না, যদি না উক্ত মূল্যসীমার উর্ধ্বের ভেরিয়েশন অর্ডার, বিধি [(৭৪(৪))] এ প্রদত্ত ব্যাখ্যা অনুসারে, মূল অনুমোদনকারী কর্তৃপক্ষের পরবর্তী উচ্চতর অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়া থাকে।”

সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)

জাতীয় রাজস্ব বোর্ড

ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন (৮ম তলা)

১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।


০২-০৮-১৭
(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপ-পরিচালক
ফোন- ৯১৪৪২৫২/ ১১৬

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- (১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- (২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- (৩) অফিস কপি।